



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)

WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED

(An enterprise of Bangladesh Power Development Board)

আবাসিক প্রকৌশলীর দপ্তর, কাঠালিয়া বিদ্যুৎ সরবরাহ, কাঠালিয়া, ঝালকাঠি।

www.wzpdcl.gov.bd, E-mail: wz.kathalia@gmail.com



## ঘূর্ণিঝড় রেমাল এর সময় এবং পরবর্তীতে বিদ্যুৎ সংক্রান্ত করণীয়

কাঠালিয়া বিদ্যুৎ সরবরাহের সকল সম্মানিত বিদ্যুৎ গ্রাহকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “ ঘূর্ণিঝড় রেমাল” অদ্য ২৬/০৫/২০২৪ খ্রিঃ রবিবার দুপুর পরবর্তী যে কোন সময়ে উপকূলে প্রবল আঘাত হানতে পারে যার অগ্রভাগের প্রভাব ইতিমধ্যে শুরু হয়েছে।


দূর্যোগ চলাকালীন সময়ে সার্বিক নিরাপত্তার স্বার্থে সাময়িক বিদ্যুৎ বিভ্রাট ঘটতে পারে। স্পষ্টতই দূর্যোগকালীন বৃষ্টি ও বৈরি আবহাওয়ার দরুন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় বিঘ্ন ঘটে। বৈদ্যুতিক লাইনে ডালপালাসহ গাছ ভেঙে পড়ার ঘটনা ঘটে। এতে বৈদ্যুতিক লাইন ও খুঁটি ক্ষতিগ্রস্ত হয় এবং যান্ত্রিক ত্রুটি দেখা দিতে পারে। সুতরাং এরূপ বৈরি আবহাওয়ার মধ্যে ভেঙে পড়া গাছ অপসারণ, খুঁটি পুনঃস্থাপন এবং যান্ত্রিক ত্রুটি নিরসন করতে কিছুটা সময় প্রয়োজন হয়। এমতবস্থায়ও বৈদ্যুতিক সরবরাহ নিরবচ্ছিন্ন রাখতে কাঠালিয়া বিদ্যুৎ সরবরাহের সকল কারিগরি লোকবল সদা প্রস্তুত আছেন। তথাপি এমন দূর্যোগপূর্ণ পরিস্থিতিতে সাময়িক বিদ্যুৎ বিভ্রাটজনিত অসুবিধার জন্য সম্মানিত গ্রাহকদের নিকট আমরা আগাম দুঃখ প্রকাশ করছি।

উল্লেখ্য, বিদ্যুৎ প্রাণঘাতী। তাই বৈদ্যুতিক ছেঁড়া তারের সংস্পর্শ এড়িয়ে চলার জন্য সকলকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে। ঝড় খেমে গেলেও আপনারা কোনভাবেই ছেঁড়া তার সরাবেন না। বিদ্যুৎ কর্মীরাই ছেঁড়া তারের ব্যাপারে ব্যবস্থা গ্রহন করবেন। পাশাপাশি আপনাদেরকে বৈদ্যুতিক ছেঁড়া তার দেখা মাত্র নিকটস্থ বিদ্যুৎ অফিসে যোগাযোগ করার জন্য বিশেষ অনুরোধ করা হলো।

১। আমুয়ী অভিযোগ সংক্রান্ত যোগাযোগ : ০১৮৬৩২৯১০২৭

২। কাঠালিয়া ও কচুয়া অভিযোগ সংক্রান্ত যোগাযোগঃ ০১৭০০৭০৯৯৭৫

সকলের ধৈর্য এবং সহযোগীতা কামনা করছি।



রুবেল কুমার দে

আবাসিক প্রকৌশলী

কাঠালিয়া বিদ্যুৎ সরবরাহ, কাঠালিয়া-ঝালকাঠি।

মোবাইলঃ ০১৭০০৭০৯৯৭৪